

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৪৫

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

### আরবী

وَعَن معاذ

بْنِ أَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَعْنَاهُ وَزَاد ثُمَّ أَتَى آخَرُ فَقَالَ: السَّلَامُ عَلَيْكُمْ وَرَاد ثُمَّ أَتَى آخَرُ فَقَالَ: السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ وَمَغْفِرَتُهُ فَقَالَ: «أَرْبَعُونَ» وَقَالَ: «هَكَذَا تكون الْفَضَائِل». رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৪৬৪৫-[১৮] মু'আয ইবনু আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে উপরিউজ হাদীসের সমার্থক হাদীস বর্ণনা করেন। তিনি নিম্নোক্ত বাক্যগুলো বর্ধিত করেন, অতঃপর আরো এক ব্যক্তি এসে বলল: ''আসসালা-মু 'আলায়কুম ওয়া রহমাতুল্লা-হি ওয়া বারাকা-তুহু ওয়া মাগফিরাতুহ''। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এ ব্যক্তির জন্য চল্লিশ নেকি লেখা হলো। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আরো বললেনঃ এভাবে সাওয়াব বৃদ্ধি পায়। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৫১৯৬, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৬২১।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''আব্দু মারহুম 'আবদুর রহমান ইবনু মায়মূন'' এবং ''সাহল ইবনু মু'আয'' নামের দু'জন বর্ণনাকারীর দ্বারা দলীল গ্রহণ করা যায় না। দেখুন- 'আওনুল মা'বূদ ১৪/৭০ পৃঃ, হাঃ ৫১৯৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ فَقَالَ:أَرْبَعُونَ অর্থাৎ তার জন্য চল্লিশ নেকী রয়েছে। প্রত্যেক শব্দে দশ নেকী। هَكَذَا تكون الْفَضَائِل অর্থ হলো সালামদাতা যতই শব্দ বৃদ্ধি করে ততই নেকী বৃদ্ধিপ্রাপ্ত হবে। ('আওনুল মা'বৃদ ৮ম খন্ড, হাঃ ৫১৮৭)



ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ জেনে রাখা উচিত যে, শ্রেষ্ঠ সালাম হলো وحصة الله وبركاته वला। একজন লোক হলেও এভাবে সালাম দিতে হবে। আর জবাবদাতা বলবেন্যা وعليكم السلام ورحمة الله তবুও হয়ে যাবে। আর তবুও হয়ে যাবে। আর ন্যূনতম সালাম হলো السلام عليك অথবা السلام عليك তবুও হয়ে যাবে। আর ন্যূনতম সালামের জবাব হলো وعليك السلام السلام

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মু'আয ইবনু আনাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন